



ALL INDIA RADIO

আকাশবাণী শিলচর

REGIONAL NEWS UNIT - SILCHAR

MORNING NEWS BULLETIN

BENGALI

22 April 2026

7:35 AM IST

দেশে রান্নার গ্যাসের সরবরাহ স্বাভাবিক রয়েছে বলে ভারতীয় তেল নিগম - আই ও সি এল'র পক্ষ থেকে জানানো হয়েছে। নিগমের আইজল শাখার বিপণন ব্যবস্থাপক দিগন্ত চৌধুরী জানান যে- ঘরোয়া রান্নার গ্যাসের সরবরাহ ব্যবস্থাকে নিয়মিত রাখতে আই ও সি বিশেষ গুরুত্ব দিচ্ছে।

কাছাড় জেলার স্বাস্থ্য বিভাগ ও জনস্বাস্থ্য কারিগরী বিভাগের যৌথ উদ্যোগে জেলার শালগংগা ও সংলগ্ন এলাকার জনসাধারণের মধ্যে দেখা দেওয়া পেটের সংক্রমন পরিস্থিতি নিয়ন্ত্রনে এসেছে। জেলা প্রশাসন থেকে জানানো হয়েছে যে শালগঙ্গা এলাকা থেকে নতুন করে আর সংক্রমনের কোন খবর আসে নি। উল্লেখ্য শালগংগা সহ টিকলপার গ্রান্ট, নয়াগ্রাম, দিগরকাশপুর, কাশপুর চা বাগান এবং বাগেরকোনা এলাকায় গত ১৫ এপ্রিল থেকে ১৮ই এপ্রিলের মধ্যে টিকল মডেল হাসপাতালে পেটের সংক্রমন সংক্রান্ত উপসর্গ নিয়ে মোট ১০৫ জন রোগী ভর্তি হয়েছিলেন। পরিস্থিতির গুরুত্ব অনুধাবন করে ১৮ই এপ্রিল থেকে স্বাস্থ্য বিভাগ দ্রুত নজরদারী শুরু করে।

এদিকে স্বাস্থ্য বিভাগের পক্ষ থেকে গত কুড়ি এপ্রিল পাথেমারা চা বাগান , শালগঙ্গা গ্রান্ট , টিকলপার সংলগ্ন এলাকার জলের নমুনা সংগ্রহ করে শিলচর মেডিকেল কলেজ ও হাসপাতালের জেলা জনস্বাস্থ্য ও কারিগরী বিভাগের পরীক্ষাগারে পরীক্ষা করে জানানো হয় যে জলে ফ্লোরিনের মাত্রা নির্ধারিত সীমার মধ্যে রয়েছে এবং সব দিক থেকে জল সম্পূর্ণ নিরাপদ রয়েছে ।

জেলা প্রশাসন থেকে সংক্রমন নিয়ন্ত্রনে জনসচেতনতা বৃদ্ধিতে বিশেষ গুরুত্ব দেওয়া হচ্ছে ।

.....

হাইলাকান্দির সন্তোষ কুমার রায় সিভিল হাসপাতালে আগামী শুক্রবার থেকে কেমোথেরাপি পরিষেবা শুরু করা হবে । সন্তোষ কুমার রায় সিভিল হাসপাতালের সুপার ডাঃ দেবব্রত দত্ত গতকাল আমাদের হাইলাকান্দির সংবাদদাতাকে জানিয়েছেন যে- টাটা ট্রাস্টের সহযোগিতায় আসাম ক্যান্সার কেয়ার ফাউন্ডেশন (এ সি সি এফ) এর মাধ্যমে আধুনিক চিকিৎসা পরিষেবা জেলা পর্যায়ে পৌঁছে দেবার লক্ষ্যে এই উদ্যোগ নেওয়া হয়েছে । এই পরিষেবা চালু হলে হাইলাকান্দি জেলার ক্যান্সার আক্রান্ত রোগীদের অনেক সুবিধা হবে বলে উল্লেখ করে ডাঃ দত্ত আরো বলেন যে- রোগীদের চিকিৎসার জন্য দূরবর্তী স্থানে যাওয়ার প্রয়োজন অনেকটা কমে যাবে ।

.....

শ্রীভূমি পৌরসভার সভাপতি রবীন্দ্র চন্দ্র দেব গতকাল শ্রীভূমি শহরের চার্চ রোডের ড্রেন নির্মাণ কাজের অগ্রগতি , ব্যবহৃত সামগ্রীর গুণমান এবং কাজের পদ্ধতি সরেজমিনে পরিদর্শন করেন । পরিদর্শনের পর সভাপতি শ্রীদেব জানান যে এধরনের অভিযোগের কোনো ভিত্তি পাওয়া যায় নি ।

নির্ধারিত নিয়ম মেনেই নির্মাণকাজ এগিয়ে চলছে । এপ্রসঙ্গে ওই ওয়ার্ডের পৌর কমিশনার সন্ধ্যা সিংহ রায় জানান কাজের গুণগত মান বজায় রাখতে পৌর কর্তৃপক্ষ নিয়মিত নজরদারি চালাচ্ছে ।

উল্লেখ্য ড্রেনের নির্মাণ কাজে নিম্নমানের সামগ্রী ব্যবহার ও অনিয়মের মাধ্যমে কাজ করা হচ্ছে বলে সম্প্রতি একাংশ নাগরিকের পক্ষ থেকে অভিযোগ জানানো হয়েছিলো ।

.....

ভারতীয় আবহাওয়া বিজ্ঞান বিভাগের পক্ষ থেকে জানানো হয়েছে যে আগামী কয়েক দিন রাজ্যের ১৯টি জেলায় ঝড় বৃষ্টির হলুদ সংকেত জারী করা হয়েছে । বিভাগের পক্ষ থেকে এই সময়কালে জনসাধারণকে সতর্ক থাকতে অনুরোধ করা হয়েছে ।

.....

হাইলাকান্দি জেলার রেল যাত্রী অধিকার সুরক্ষা সমিতির উদ্যোগে গতকাল বিভিন্ন দাবীর সর্মথনে আলগাপুর রেল স্টেশনের স্টেশন মাস্টারের মাধ্যমে উত্তর-পূর্ব সীমান্ত রেলের জেনারেল ম্যানেজার , লামডিং ডিভিশনের ডি আর এম এবং বদরপুরের এরিয়া ম্যানেজারের নিকট স্মারকপত্র পাঠানো হয়েছে । স্মারক পত্রে আলগাপুর রেল স্টেশন ইয়ার্ড থেকে একটি পুরোনো এবং অকেজো আই সি এফ র্যাক সরানো , যাত্রীদের সুবিধার্থে স্টেশনে একটি দ্বিতীয় প্ল্যাটফর্ম নির্মাণ করা , দুটি প্ল্যাটফর্মের মধ্যে সংযোগ স্থাপনের জন্য ফুট ওভারব্রিজ নির্মাণ এবং আলগাপুর রেল স্টেশনে দূরপাল্লার ট্রেন থামানোর দাবী জানানো হয়েছে । স্মারক পত্র প্রদানকালে প্রতিনিধি দলে শ্যামসুল হক বড়ভুইয়া , লায়েক আহমেদ বড়ভুইয়া , গিয়াস মজুমদার প্রমুখ উপস্থিত ছিলেন ।

.....

শ্রীভূমি জেলার খাদ্য ,গনবন্টন ও গ্রাহক পরিক্রমা বিভাগের পক্ষ থেকে জানানো হয়েছে যে জেলায় খাদ্য সুরক্ষা যোজনার অধীনে প্রধানমন্ত্রী গরীব কল্যান অন্ন যোজনার মে মাসের বিনামূল্যের চাল বরাদ্দ করা হয়েছে । বিজ্ঞপ্তিতে বলা হয়েছে যে অন্ত্যোদয় অন্ন যোজনার কার্ডধারীদের জন্য মাথাপিছু প্রতিমাসে ৩৫ কিলোগ্রাম এবং প্রায়োরিটি হাউস হোল্ড রেশন কার্ডধারীদের প্রতিমাসে মাথা পিছু পাঁচ কিলোগ্রাম করে চাল বন্টন করতে নির্দেশ দেওয়া হয়েছে । এছাড়া জেলায় মে মাসের সরকার নির্ধারিত রেহাই মূল্যের এক কিলোগ্রাম করে মুসুর ডাল , লবন ও চিনি বিক্রির জন্য বরাদ্দ করা হয়েছে ।

.....

শিলচর চেস অ্যাকাডেমী ও কাছাড় জেলা চেস অ্যাকাডেমীর যৌথ উদ্যোগে আগামী ২৫ ও ২৬শে এপ্রিল ছবি চক্রবর্তী স্মৃতি সারা আসাম আন্ত-স্কুল দাবা প্রতিযোগীতা এবং প্রমিলা গোস্বামী স্মৃতি ওপেন দাবা প্রতিযোগীতা শিলচরে অনুষ্ঠিত হবে । প্রতিযোগীতার ডিরেক্টর স্বর্ণদীপ ঘোষ জানান যে রাজ্যের বিভিন্ন বিদ্যালয়ের ছাত্র-ছাত্রী এবং দাবাড়ুরা প্রতিযোগীতায় অংশ নেবেন ।
